আজকের বাংলাদেশ এক বদলে যাওয়া বাংলাদেশ: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এক যুগ আগের বাংলাদেশ আর আজকের বাংলাদেশ এক নয়। আজকের বাংলাদেশ এক বদলে যাওয়া বাংলাদেশ।

শনিবার বিকাল ৪টায় প্রধানমন্ত্রী কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে সরকারপ্রধান এ কথা বলেন। স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণের জন্য বাংলাদেশের জাতিসংঘের চূড়ান্ত সুপারিশ লাভ করা উপলক্ষে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের বিভিন্ন সূচকে বাংলাদেশের এগিয়ে যাওয়ার কথা কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ গতকাল (২৬ ফেব্রুয়ারি) স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের জন্য জাতিসংঘের চূড়ান্ত সুপারিশ লাভ করেছে। আমরা উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার পূর্ণ যোগ্যতা অর্জন করেছি।

শেখ হাসিনা বলেন, সমগ্র জাতির জন্য এটা অত্যন্ত আনন্দের এবং গর্বের। আমাদের এই উত্তরণ এমন এক সময়ে ঘটল, যখন আমরা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন করছি। আমরা মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের দ্বারপ্রান্তে।

প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের জন্য এ উত্তরণ এক ঐতিহাসিক ঘটনা। এ কৃতিত্ব এ দেশের আপামর জনসাধারণের। সবার সম্মিলিত প্রচেষ্টায় আমরা এই মাইলফলক অর্জন করতে পেরেছি। এই অর্জনকে দেশের নতুন প্রজন্মকে উৎসর্গ করেন বঙ্গবন্ধুকন্যা।

প্রধানমন্ত্রী বলেন, স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের ফলে বহির্বিশ্বে বাংলাদেশ একটি প্রত্যয়ী ও মর্যাদাশীল দেশ হিসেবে জায়গা করে নেবে। আমাদের এ অর্জনকে সুসংহত এবং টেকসই করতে হবে। ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন, ২০৩১ সালের মধ্যে উচ্চমধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত হওয়ার ক্ষেত্রে আমাদের জন্য এটি একটি বিশেষ ধাপ বলেও উল্লেখ করেন শেখ হাসিনা।

বাগোয়ান ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদ-পার্থী শাহীন উদ্দীন শাহীন এর নির্বাচনী কর্মীসভা

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী ও মুজিবনগর উপজেলার ৩ নং বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ-প্রার্থী মেহেরপুর জেলা পরিষদের সদস্য এবং বাগোয়ান ইউনিয়ন তাঁতীলীগের আহবায়ক শাহীন উদ্দীন শাহীনের সমর্থনে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামে নির্বাচনী কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শুক্রবার বিকেলে মুজিবনগরের আনন্দবাস গ্রামের ৭,৮,৯ ওয়ার্ডবাসির আয়োজনে এ নির্বাচনী কর্মীসভা অনুষ্ঠিত হয়। নির্বাচনী কর্মীসভায় বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক রুহুল আমিন এর সভাপতিত্বে, কর্মীসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের সদস্য ও আসন্ন বাগোয়ান ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদ-প্রার্থী শাহীন উদ্দীন শাহীন। কর্মীসভায় বক্তব্য রাখেন আওয়ামী লীগের বিভিন্ন অংগসংগঠনের নেতাকর্মীবৃন্দ।
নির্বাচনী কর্মীসভায় আগামী নির্বাচনে শাহীন উদ্দীন শাহীনকে বাগোয়ান ইউনিয়নের নৌকার পার্থী হিসেবে আওয়ামী লীগের মনোনয়ন দিয়ে চেয়ারম্যান নির্বাচিত করতে আনন্দবাস গ্রামের ৭,৮,৯ নং ওয়ার্ডের সর্বস্তরের জনসাধারণ প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল এর কাছে দাবি জানান।

দামুড়হুদার লক্ষীপুর মাঠে ত্রি-ফসলি জমির মাটি কেটে বিক্রির অভিযোগ

দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের দলকা লক্ষীপুর গ্রামের মাঠে ফসলি জমির মাটি কেটে বিক্রির অভিযোগ উঠেছে সাবেক ছাত্রলীগনেতা আলি হোসেনের বিরুদ্ধে।
জুড়ানপুর ইউনিয়নের সাবেক ছাত্রলীগনেতা আলি হোসেন (৩২) দামুড়হুদা উপজেলার দলকা লক্ষীপুর গ্রামের সামসুল ইসলামের ছেলে।
সরজমিনে ও অভিযোগে জানা যায়, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের দলকা লক্ষীপুর কালুপাড়ার রাস্তা সংলগ্ন মাঠে খননযন্ত্র (ভেকু মেশিন) দিয়ে ফসলি জমির মাটি কেটে বিক্রি করছে দলকা লক্ষীপুর গ্রামের আলি হোসেন। যার ফলে পাশ্ববর্তী জমির ভাঙ্গনসহ মাটির টপ সয়েল ক্ষতিগ্রস্ত হচ্ছে বলেও জানা যায়। আলি হোসেন ত্রি-ফসলি জমির মাঝ মাঠে পুকুর খননের অজুহাতে মাটি কেটে বিক্রি করে চলেছে।
তার এই পুকুর খননের অজুহাতে ঐ গ্রামের মাঠের অন্যান্য জমিগুলো হুমকির মুখে পড়ে যাচ্ছে। অন্যান্য জমির মালিকরা আলি হোসেনকে তাদের জমির সমস্যার কথা বললেও কোনো রকম কর্ণপাত না করেই চালিয়ে যাচ্ছে মাটি কাটার কাজ।
একদিকে যেমন ক্ষতি হচ্ছে ফসলি জমি অন্যদিকে ক্ষতি হচ্ছে ঐ গ্রামের রাস্তার। অদক্ষ চালকরা মাটি বোঝায় ট্রাক্টর নিয়ে বেপরোয়া গতিতে গ্রামের রাস্তায় চলাচলের ফলে সাধারণ মানুষসহ শিশুরা অনিরাপদ জীবনযাপন করছে বলেও অভিযোগ পাওয়া গিয়েছে। পাশ্ববর্তী জমির মালিকরা বলেন, আলি হোসেনকে আমরা কয়েকবার মাটি কাটতে নিষেধ করেছি। সে এলাকায় প্রভাবশালী হওয়ায় আমরা তাকে বেশি জোর দিয়ে কিছু বলতে পারিনা। এভাবে ত্রি-ফসলি জমির মাটি অবৈধভাবে কেটে বিক্রি করলে পাশের জমি তো ভাঙবেই। সেই সাথে রাস্তাও হুমকির মুখে পড়ে যাবে। আর এভাবে মাটি কাটা হলে আমরা আমাদের জমি থেকে চাহিদা অনুযায়ী ফসল ফলাতে পারবো না ।
যখন আমরা চাহিদা অনুযায়ী ফসল ফলাতে
না পারবো তখন হয়ত খাদ্য ঘারতির মতো সমস্যায় পড়তে হতে পারে আমাদের। তাই
ত্রি-ফসলি জমি রক্ষাতে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের হস্তক্ষেপ

কামনা করেছেন ভুক্তোভোগী জমি মালিক ও কৃষকরা।
দামুড়হুদার জুড়ানপুর ইউপি সদস্য তরিকুল ইসলাম বলেন, একাধিক কৃষকের অভিযোগের প্রেক্ষিতে আমি বিষয়টি জানতে পেরে ঐ মাঠে ইউনিয়ন পরিষদ থেকে চৌকিদার পাঠিয়েছিলাম। তারা সেখানে গিয়ে আলি হোসেনকে ত্রি-ফসলি জমি থেকে মাটি কাটতে নিষেধ করে আসে। কিন্তু আলি হোসেন দুষ্টু লোক হওয়ায় সে কারো কথার তোয়াক্কা না করেই মাটি কাটা অব্যাহত রেখেছে।
দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, অবৈধভাবে ফসলি জমির মাটি কেটে বিক্রি করলে সে যেই হোক না কেনো তার বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

সাংবাদিক মুজাক্কির হত্যার প্রতিবাদে কোটচাঁদপুরে মানববন্ধন

নোয়াখালীর কোম্পানীগঞ্জে আ. লীগের দু’পক্ষের সংঘর্ষ চলাকালে পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে সন্ত্রাসীদের গুলিতে নিহত সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির হত্যার প্রতিবাদ ও মূল হোতাদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে ঝিনাইদহের কোটচাঁদপুরে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টায় কোটচাঁদপুরে কর্মরত সাংবাদিকদের আয়োজনে স্থানীয় পৌর বাজার পায়রা চত্বরে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে উপজেলায় কর্মরত বিভিন্ন মিডিয়ার পেশাজীবী সাংবাদিকরা অংশ নেয়। বক্তারা সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির হত্যার মূল হোতাদের দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করে সারাদেশে সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সরকারের প্রতি অনুরোধ জানান।
এ সময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক কাজী মৃদুল, সহ-সভাপতি আলামগীর খাঁন, সাংবাদিক ইসমাঈল হোসেন, রিপোটার্স ক্লাবের সভাপতি অশোক দে, সাধারণ সম্পাদক সুব্রত কুমার, উপজেলা সাংবাদিক ইউনিয়ন (কেইউজে)

সভাপতি এসএম রায়হান উদ্দীন, সাধারণ সম্পাদক মঈন উদ্দীন খাঁন, সহ-সভাপতি আজিজুল হক, সিনিয়র সদস্য শামীম রেজা, কোটচাঁদপুর রিপোটার্স ইউনিটির যুগ্ম-সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ বাশারসহ রিপোটার্স ইউনিটির সদস্যবৃন্দ।
প্রসঙ্গত গত ১৯ ফেব্রুয়ারি সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির নোয়াখালীর চাপরাশির হাট বাজারে আ. লীগের দু’গ্রুপের সংঘর্ষের সময় পেশাগত দায়িত্ব পালনকালে গুলিবিদ্ধ হয়ে গুরতর আহত হন। পরে তাকে উন্নত চিকিৎসাল জন্য ঢাকা মেডিক্যালে নেয়া হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় গত ২০ ফেব্রুয়ারি তিনি মারা যান।

মমতাকে চিঠি পশ্চিমবঙ্গকে স্বাধীন রাষ্ট্র ঘোষণা করতে

বিধানসভা নির্বাচন নিয়ে উত্তেজনার মধ্যেই এবার পশ্চিমবঙ্গকে স্বাধীন রাষ্ট্র হিসেবে ঘোষণা করতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠি দেওয়া হয়েছে।

খালিস্তানপন্থি ‘শিখস ফর জাস্টিস’ (এসএফজে) পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে এ চিঠি দিয়েছে। একই চিঠি পাঠানো হয়েছে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরের কাছেও।

চিঠিতে শিখ সংগঠনটির পক্ষ থেকে দাবি করা হয়, বাংলার সম্পদকে সব দিক দিয়ে ধ্বংস করছে কেন্দ্রীয় সরকার। নিজেদের পরিচিতি, আদর্শ, সংস্কৃতি বাঁচিয়ে রাখতে হলে পশ্চিমবঙ্গের উচিত ভারত থেকে আলাদা হয়ে স্বাধীন একটি রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করা।

খালিস্তানিদের যুক্তি– রাজ্যের আইনসভায় একতরফা আইন পাস করে ভারতীয় ভূখণ্ড থেকে আলাদা হয়ে যেতে পারে বাংলা। এ পদক্ষেপ নিলে বিষয়টি আন্তর্জাতিক মঞ্চে পৌঁছে যাবে। তখন ভারতকে চাপে ফেলে আন্তর্জাতিক আদালতে এ মামলা চালানো যাবে।

বিচ্ছিন্নতাবাদী আন্দোলন চালানোর অভিযোগে ভারত শিখ সংগঠন ‘শিখস ফর জাস্টিস’ নিষিদ্ধ করা হয়েছে। দিল্লির কৃষক আন্দোলনে

লালকেল্লায় সহিংসতার নেপথ্যে খালিস্তানিদের সংশ্লিষ্টতারও অভিযোগ ওঠে।

মমতা বন্দ্যোপাধ্যায়ের পাশাপাশি একই ধরনের চিঠি পাঠানো হয়েছে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরের কাছেও। শুধু তাই নয়, পৃথক রাষ্ট্র হলে তারা দুজনই প্রধানমন্ত্রী হতে পারবেন বলেও প্রস্তাব দিয়েছেন খালিস্তানিরা।

বিএনপি নেতার লাশ উদ্ধার

সিরাজগঞ্জের চৌহালী উপজেলার যমুনায় মাছ শিকারে গিয়ে নিখোঁজ সেই বিএনপি নেতার মরদেহ উদ্ধার করা হয়েছে।

বুধবার সন্ধ্যায় পশ্চিম জোতপাড়াবাড়ির পাশে যমুনা নদী থেকে তার মরদেহ উদ্ধার করে টাঙ্গাইলের নাগরপুর উপজেলার ডুবুরি দল।

নিহত শিক্ষক নিজাম উদ্দিন উপজেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক। তিনি কে কে জোতপাড়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক। তার বাড়ি একই এলাকায় বলে জানা গেছে।

খাষকাউলিয়া ইউপি চেয়ারম্যান শহিদুর রহমান জানান, দুপুরের দিকে শিক্ষক নিজাম উদ্দিন পশ্চিম জোতপাড়াবাড়ির পাশে যমুনায় কাটা (জঙ্গল দেয়া) উঠিয়ে মাছ ধরতে ডুব দিয়ে আর উঠে আসেনি। অনেক খোঁজ করেও তাকে পাওয়া যায়নি। পরে এলাকাবাসী জাল ফেলে তাকে উদ্ধারের চেষ্টা করেন।

পরে খবর পেয়ে টাঙ্গাইলের নাগরপুর থেকে একটি ডুবুরি দল দীর্ঘক্ষণ চেষ্টা করে বুধবার সন্ধ্যার পর নিজাম উদ্দিনের মৃতদেহ উদ্ধার করে।

এ বিষয়ে টাঙ্গাইল ডুবুরি দলের প্রধান মোস্তাফিজুর রহমান জানান, শিক্ষক নিজাম উদ্দিন নিখোঁজের কয়েক ঘণ্টা পর সন্ধ্যার দিকে যমুনা নদীর পশ্চিম জোতপাড়া থেকে তার মৃতদেহ উদ্ধার করা হয়। মরদেহটি থানা পুলিশের মাধ্যমে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

এদিকে নিজাম উদ্দিনের মৃত্যুতে বিএনপি জাতীয় স্থায়ী কমিটির সদস্য সাবেক মন্ত্রী ইকবাল হাসান টুকু ও উপজেলা বিএনপির আহ্বায়ক সাবেক উপজেলা চেয়ারম্যান মাহফুজা খাতুন শোক প্রকাশ করেছেন।

ঝিনাইদহে ঘর পেল অরও ১০০ ভূমিহীন ও গৃহহীন পরিবার

ঝিনাইদহে ১০০ ভূমিহীন ও গৃহহীন পরিবারকে মুজিববর্ষের উপহার হিসেবে গুচ্ছগ্রামের ঘর বুঝিয়ে দেওয়া হয়েছে। গতকাল বুধবার সকালে সদর উপজেলার ফকিরাবাদ গ্রামের ‘বঙ্গবন্ধু পল্লী ও ধানমন্ডি-৩২’ গুচ্ছগ্রামের ঘর পাওয়া সুবিধাভোগিদের মাঝে ঘর বুঝিয়ে দেওয়া হয়। এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের উপজেলা চেয়ারম্যান এ্যাডভোকেট আব্দুর রশীদ, সদর উপজেলা কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, এসিল্যান্ড খাঁন মোঃ আব্দুল্লা আল মামুন, নির্বাহী ম্যাজিস্ট্রেট শরিফুল হক, এমএম নুরুন্নবী, তানভীর হাসান তুরান, কামরুজ্জামান সরকার, ভূমি কর্মকর্তা এমএ কাইয়ুম মুক্ত, পাগলাকানাই ইউপি চেয়ারম্যান এ কে এম নজরুল ইসলাম, ইউপি সদস্য আসাদুজ্জামান সুজন, চান মিয়া, নাজিম উদ্দিন বিশ্বাস ও সংরক্ষিত মহিলা সদস্য সালেহ বেগম। আলোচনা সভা শেষে লটারির মাধ্যমে সুবিধাভোগিদের ঘর বিভাজন করে বুঝিয়ে দেওয়া হয়। নতুন ঘর বুঝে পেয়ে খুশি হতদরিদ্র পরিবারগুলো।

কুষ্টিয়ায় পৌর মেয়রকে মৌবনের

শুভেচ্ছা

কুষ্টিয়া পৌরসভার নবনির্বাচিত মেয়র আনোয়ার আলীকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে।
মৌবন ঢাকা-কুষ্টিয়ার পক্ষ থেকে তাঁকে (মেয়র) এই ফুলেল শুভেচ্ছা জানানো হয়।
গতকাল বুধবার দুপুরে পৌরসভায় মেয়র কার্যালয়ে কুষ্টিয়ার মেয়র আনোয়ার আলীকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।
মৌবন ঢাকা-কুষ্টিয়ার অফিস এক্সিকিউটিভ মীর তনিমা, কর্মকর্তা ইমদাদসহ অন্যান্য কর্মকর্তারা মেয়রের হাতে ফুল ও মিষ্টি তুলে দেন।
এ সময় সংশ্লিষ্ট কাউন্সিলরগণ উপস্থিত ছিলেন।

ইউএনওর কার্যালয়ে ইউপি সদস্যকে গুলি করে হত্যা

রাঙ্গামাটির বাঘাইছড়ি উপজেলায় উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে ঢুকে এক ইউপি সদস্যকে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহতের নাম সমর বিজয় চাকমা (৪০)।

বুধবার দুপুর পৌনে ১টার দিকে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে এ ঘটনা ঘটে।

নিহত বিজয় চাকমা উপজেলার রূপকার ইউনিয়নের ১নং ওয়ার্ড সদস্য। তার বাড়ি একই এলাকায়

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শরিফুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

মোমেনের সঙ্গে যে কথা হলো মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী একে আবদুল মোমেনের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টোনি জে. ব্লিঙ্কেন।

মার্কিন পররাষ্ট্রমন্ত্রণালয়ের মুখপাত্র নেড প্রাইস মঙ্গলবার এক বিবৃতিতে এ কথা জানিয়েছেন।

এতে বলা হয়, দুই পররাষ্ট্রমন্ত্রী দুই দেশের অর্থনৈতিক সম্পর্ক, সন্ত্রাসবিরোধী কার্যক্রম এবং প্রতিরক্ষা সহযোগিতা আরও গাঢ় করার উপায় নিয়ে আলোচনা করেছেন।

এ ছাড়া জলবায়ু পরিবর্তনের মতো অভিন্ন চ্যালেঞ্জ একসঙ্গে মোকাবিলার জন্য কাজ করার কথা বলেছেন তারা।

মিয়ানমার পরিস্থিতি, বিশেষ করে রোহিঙ্গা শরণার্থী সঙ্কটের একটি টেকসই সমাধান নিয়ে আলোচনা করেছেন আবদুল মোমেন ও ব্লিঙ্কেন।

একই সঙ্গে শ্রম ও মানবাধিকারের প্রতি সম্মান দেখানোর ওপর গুরুত্ব দেওয়া হয়েছে বলে জানানো হয় ওই বিবৃতিতে।

চলতি বছর বাংলাদেশ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন করতে যাচ্ছে। এ জন্য বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী মোমেনকে অভিনন্দন জানিয়েছেন ব্লিঙ্কেন।

তারা দক্ষিণ এশিয়া এবং বৃহত্তর ইন্দো-প্যাসিফিক অঞ্চলের চ্যালেঞ্জ মোকাবিলার জন্য ঘনিষ্ঠ সহযোগিতার প্রত্যয়ও ব্যক্ত করেছেন বলে বিবৃতিতে উল্লেখ করা হয়।